ইত্তেফাক

তারিখ … … 12..2-84.
পৃষ্ঠা… .. …1.কলাম..5… …

0--049

ঢাকা বিশ্ববিদ্যালয়

# বি,এস-সি ও বিকম পরীক্ষায় পাসের হার ২০ ভাগ

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৩ সালে অনুষ্ঠিত বি,এস-সি ও বি,কম পরীক্ষার ফলাফল গতকাল (শনিবার) প্রকাশ করা হইয়াছে। বি,এস-সিতে পাসের হার শতকরা ২১ দর্শমিক ৩ ভাগ এবং বি, কম পরীক্ষায় ১৯ দশমিক ৯ ভাগ। বি,এস-সিতে মাত্র একজন ছাত্র (জগন্নাথ কলেজ) প্রথম বিভাগে পাস করিয়াছে। বি, কম পরীক্ষায় কোন ছাত্রই প্রথম বিভাগ লাভ করিতে পারে নাই।

( ২য় পৃঃ দ্রঃ )

## পাশের হার ২০ ভাগ

( ১ম পৃঃ পর )

বি, এস-সি পাস পরীক্ষায় ৫১টি কলেজ হইতে মোট ৫ হাজার ৭ শত ৩জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। প্রথম বিভাগে ১জন, দ্বিতীয় বিভাগে ২শত ৯৮ জন এবং তৃতীয় বিভাগে ৯শত ১৫ জন উত্তীর্ণ হইয়াছে।

ভাঙ্গা কে, এম কলেজ, নাগরপুর কলেজ, মির্জাপুর কলেজ, ঘাটাইল কলেজ এই ৪টি কলেজ হইতে কোন ছাত্র কৃতকার্য হইতে পারে নাই। ভুয়াপুর কলেজের ৯৮ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। অবশ্য ঢাকার সেন্ট্রাল উইমেন্স কলেজের ৭ জন পরীক্ষার্থীর সকলেই পাস করিয়াছে। সর্বাধিক পরীক্ষার্থী ছিল জগন্নাথ কলেজে ৬ শত ৭৫ জন। ১ জন প্রথম বিভাগে, ১৭ জন দ্বিতীয় এবং ৬৬ জন তৃতীয় বিভাগে। মোট ৮৪ জন উত্তীর্ণ হইয়াছে।

বি, এস-সি সাবসিডিয়ারী পরীক্ষায় ১ হাজার ৮ শত ৯৭ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৭ শত ৩৪ জন উত্তীর্ণ হইয়াছে।

বি কম পাস পরীক্ষায় ১১০টি কলেজ হইতে মোট ৩ হাজার ৭ শত ৪৭ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। প্রথম বিভাগে কেহ পাস করিতে পারে নাই, দ্বিতীয় বিভাগে ৫২ জন এবং তৃতীয় বিভাগে ৭শত ৪৫জন উত্তীর্ণ হইয়াছে। গলাচিপা ডিগ্রী কলেজ হইতে কোন ছাত্র পরীক্ষা দেয় নাই।

বরিশাল পাতারহাট কলেজ, ধামুরা কলেজ, শিকারপুর শেরে বাংলা কলেজ, রাজাপুর কলেজ, শাহবাজপুর কলেজ, ভাঙ্গা কে, এম, কলেজ, মির্জাপুর কলেজ, ধনবাড়ী কলেজ, ত্রিশাল নজরুল কলেজ, ময়মনসিংহ আলমগীর মনসুর কলেজ, ঈশ্বরগঞ্জ কলেজ, গৌরীপুর কলেজ, নান্দিনা কলেজ, জামালপুর কলেজ, সরিষাবাড়ী কলেজ, শিবপুর আসাদ কলেজ, শ্রীপুর ডিগ্রী কলেজ, ঢাকা শেখ বুরহান উদ্দীন কলেজ, রামেরকান্দা কলেজ, সলিমুল্লাহ কলেজ এই ২০টি কলেজ হইতে বি কম পরীক্ষায় কোন ছাত্র পাস করিতে পারে নাই। সর্বাধিক ৪ শত ১৪ জন পরীক্ষার্থী ছিল জগন্নাথ কলেজের। দ্বিতীয় বিভাগে ৫জন এবং তৃতীয়বিভাগে ৮০ জন মোট ৮৫ জন পাস করিয়াছে। আবুজর গিফারী কলেজের ৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ২ জন এবং ময়মনসিংহ শহীদ স্মৃতি সরকারী কলেজের ২০ জনের মধ্যে মাত্র ১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। বি,কম সাবসিডিয়ারী পরীক্ষায় ১ হাজার ৬ শত ৯৪ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৪ শত ২৩ জন পাস করিয়াছে।